# কিশোরগঞ্জ চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি
## Kishoreganj Chamber of Commerce & Industry

KCCI

চেম্বার ভবনঃ করিমগঞ্জ রোড, সতাল, কিশোরগঞ্জ / প্রশাসনিক ভবনঃ ০৩, ঝরনা ধারা, আখড়া বাজার, কিশোরগঞ্জ

E-mail:kishoregonjchamber@gmail.com, Website: www.kishoreganjchamber.org

*Licensed by the Ministry of Commerce No. 26 of 1986 in Corporated by the registrar of Joint Stock Companies No. T.225/2 Dated-06.08.1986 and Affiliated by the FBCCI, Dhaka.*


Ref: Date:

নির্বাচন বোর্ড-২০২৫ তাং............. কিশোরগঞ্জ চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি

## কিশোরগঞ্জ চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি

### নির্বাচন বোর্ড-২০২৫

পরিচালনা পর্ষদের ২০২৬-২০২৭ ও ২০২৭-২০২৮ দ্বি-বার্ষিক মেয়াদের নির্বাচন

### নির্বাচন আচরণ বিধি

তারিখ ঃ ৩০/১১/২০২৫ খ্রিঃ

১। কিশোরগঞ্জ চেম্বার অব কমার্স এন্ড ইন্ড্রাষ্ট্রি (কেসিসিআই) এর সংঘবিধি এবং বাণিজ্য মন্ত্রণালয়ের বাণিজ্য সংগঠনের আইন,বিধি ও প্রজ্ঞাপন মোতাবেক কিশোরগঞ্জ চেম্বার অব কমার্স এন্ড ইন্ড্রাষ্ট্রি নির্বাচন বোর্ডের ৩০/১১/২০২৫খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভায় সর্বসম্মত সিদ্ধান্তক্রমে ২০২৬-২০২৭ ও ২০২৭-২০২৮ (দ্বি-বার্ষিক) মেয়াদের নির্বাচন পরিচালনার জন্য অত্র নির্বাচন আচরণ বিধি প্রণীত হলো।

২। অত্র নির্বাচন আচরণ বিধি কিশোরগঞ্জ চেম্বার অব কমার্স এন্ড ইন্ড্রাষ্ট্রি (কে.সি.সি.আই) এর ২০২৬-২০২৭ ও ২০২৭-২০২৮ (দ্বি-বার্ষিক) মেয়াদের নির্বাচন পরিচালনার জন্য নির্বাচন আরচণ বিধি হিসাবে গণ্য হবে।

৩। অত্র নির্বাচন আচরণ বিধি অনুযায়ী নির্বাচনী কার্যক্রম পরিচালিত হবে। তবে সুষ্ঠু নির্বাচনের স্বার্থে নির্বাচন বোর্ড নির্বাচন আচরণ বিধির যে কোন ধারা বা উপধারা সংশোধন, পরিবর্তন, সংযোজন ও বিয়োজন করতে পারবে।

৪। **সংজ্ঞা ঃ**

ক) কে.সি.সি.আই বলতে কিশোরগঞ্জ চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাষ্ট্রি সংক্ষেপে (কে.সি.সি.আই) কে বুঝানো হবে।

খ) **পরিচালনা পর্ষদঃ** কিশোরগঞ্জ চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাষ্ট্রি (কে.সি.সি.আই) পরিচালনা পর্ষদ বলতে নির্বাচনের মাধ্যমে নির্বাচিত পরিচালনা পর্ষদকে বুঝানো হবে।

গ) **নির্বাচন ঃ** নির্বাচন বলতে চেম্বারের পরিচালনা পর্ষদের গত ১৮/১০/২০২৫খ্রিঃ তারিখের সভার সিদ্ধান্ত মোতাবেক ২০২৬-২০২৭ ও ২০২৭-২০২৮ (দ্বি-বার্ষিক) মেয়াদের জন্য অনুষ্ঠিতব্য পরিচালনা পর্ষদের নির্বাচনকে বুঝানো হবে।

ঘ) **নির্বাচন বোর্ড ঃ** নির্বাচন বোর্ড বলতে কেসিসিআই এর ২০২৬-২০২৭ ও ২০২৭-২০২৮ (দ্বি-বার্ষিক) মেয়াদের নির্বাচন পরিচালনার জন্য গত ১৮/১০/২০২৫ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত কিশোরগঞ্জ চেম্বার এর পরিচালনা পর্ষদের সভায় সর্বসম্মত সিদ্ধান্ত অনুসারে গঠিত নির্বাচন বোর্ডকে বুঝানো হবে।

ঙ) **আপিল বোর্ড ঃ** উপদফা ৪ এর (ঘ)-এ বর্ণিত নির্বাচন বোর্ড যে প্রক্রিয়ায় গঠিত হয়েছে আপীল বোর্ডও ঠিক একই প্রক্রিয়ায় গঠিত আপিল বোর্ডকে বুঝানো হবে।

চ) **নির্বাচন বিধি ঃ** নির্বাচন বিধি বলতে নির্বাচন বোর্ড কর্তৃক ৩০/১১/২০২৫খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভায় প্রণীত নির্বাচন আচরণ বিধিমালাকে বুঝানো হবে।

ছ) **নির্বাচন তফসিল ঃ** নির্বাচন তফসিল বলতে বানিজ্য বিধি অনুসারে নির্বাচন বোর্ড কর্তৃক প্রণীত নির্বাচন তফসিলকে বুঝানো হবে।

জ) **মনোনয়ন ফরম ঃ** নির্বাচন পরিচালনায় প্রার্থী পদ নিশ্চিত করার জন্য নির্বাচন বোর্ড কর্তৃক প্রণীত যে ফরমের মাধ্যমে প্রার্থীতার জন্য আবেদন করতে হবে তা মনোনয়ন ফরম হিসাবে চিহ্নিত হবে।

ঝ) **ব্যালট পেপার ঃ** নির্বাচন বোর্ড কর্তৃক প্রণীত যে পেপারের মাধ্যমে ভোটারগণ ভোট প্রদান করবেন তাহাই ব্যালট পেপার হিসাবে চিহ্নিত হবে।

৫। **নির্বাচন বোর্ডের কার্যাবলীঃ**

ক) নির্বাচন বোর্ড কে.সি.সি.আই এর গঠনতন্ত্র এবং বাণিজ্য মন্ত্রণালয়ের বাণিজ্য সংগঠনের আইন, বিধি ও প্রজ্ঞাপন অনুযায়ী নির্বাচনী সকল কার্যক্রম সম্পন্ন করিবে।

| | | |
|---|---|---|
| বীর মুক্তিযোদ্ধা মোঃ আলাউদ্দিন<br>সদস্য<br>নির্বাচন বোর্ড-২০২৫<br>কিশোরগঞ্জ চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি | ইকবাল আহমেদ চৌধুরী অপু<br>সদস্য<br>নির্বাচন বোর্ড-২০২৫<br>কিশোরগঞ্জ চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি | মোঃ মাসুদুল হাসান<br>চেয়ারম্যান<br>নির্বাচন বোর্ড-২০২৫<br>কিশোরগঞ্জ চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি |

চলমান পাতা-০২

চেম্বার ভবনঃ করিমগঞ্জ রোড, সতাল, কিশোরগঞ্জ / প্রশাসনিক ভবনঃ ০৩, ঝরনা ধারা, আখড়া বাজার, কিশোরগঞ্জ
E-mail:kishoregonjchamber@gmail.com, Website: www.kishoreganjchamber.org
*Licensed by the Ministry of Commerce No. 26 of 1986 in Corporated by the registrar of Joint Stock Companies No. T.225/2 Dated-06.08.1986 and Affiliated by the FBCCI, Dhaka.*

নির্বাচন বোর্ড-২০২৫ তাং..............

Ref: Date:

খ) নির্বাচন বোর্ডের চেয়ারম্যান বা কোন সদস্য পরিচালনা পর্ষদের নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করতে পারবেন না বা কোন প্রার্থীর মনোনয়ন পত্রে প্রস্তাবক অথবা সমর্থক হতে পারবেন না।

৬। **নির্বাচন আপীল বোর্ডের কার্যাবলী ঃ**

ক) নির্বাচন আপিল বোর্ড কে.সি.সি.আই এর গঠনতন্ত্র এবং বাণিজ্য মন্ত্রণালয়ের বাণিজ্য সংগঠনের আইন, বিধি ও প্রজ্ঞাপন অনুযায়ী নির্বাচনী সকল কার্যক্রম সম্পন্ন করিবে।

খ) নির্বাচন আপিল বোর্ডের চেয়ারম্যান বা কোন সদস্য পরিচালনা পর্ষদের নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করতে পারবেন না বা কোন প্রার্থীর মনোনয়ন পত্রে প্রস্তাবক অথবা সমর্থক হতে পারবেন না।

৭। **ভোটার তালিকা ঃ**

ক) যে সকল সদস্য নির্বাচন তারিখের ১২০ দিন পূর্বে চেম্বারের নতুন সদস্য হিসাবে তালিকাভুক্ত হয়েছেন এবং যে সকল সদস্য নির্বাচন তারিখের ৬০ (ষাট) দিন পূর্বে সদস্যপদ নবায়ন করেছেন সেই সকল সদস্য বাণিজ্য সংগঠন বিধি মোতাবেক প্রাথমিক ভোটার তালিকাভুক্ত হবেন।

খ) নির্বাচন তফসিল অনুসারে নির্বাচন বোর্ড প্রাথমিক ভোটার তালিকা প্রকাশ করবেন এবং নির্বাচন বোর্ড কার্যালয়ের নোটিশ বোর্ডে ঝুলিয়ে দিবেন।

গ) প্রাথমিক ভোটার তালিকা সংক্রান্ত কোন আপত্তি (যদি থাকে) নির্বাচন তফসিলে উল্লেখিত সময়ের মধ্যে লিখিত ভাবে আপীল বোর্ডের নিকট পৌছাতে হবে। নির্ধারিত সময়ের পরে প্রাথমিক ভোটার তালিকা সংক্রান্ত কোন আপত্তি বিবেচনা করা হবে না।

ঘ) আপীল বোর্ড নির্বাচন তফসিল ও উল্লেখিত সময়ে প্রাথমিক ভোটার তালিকা সংক্রান্ত আপত্তির শুনানী গ্রহণ করবেন।

ঙ) শুনানীর পর আপীল বোর্ডের সিদ্ধান্তের ভিত্তিতে নির্বাচন বোর্ড কর্তৃক চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ করা হবে এবং নির্বাচন বোর্ড কার্যালয়ে নোটিশ বোর্ডে ঝুলিয়ে দেওয়া হবে।

৮। **নির্বাচনে অংশগ্রহণ ঃ**

নির্বাচন বোর্ড কর্তৃক প্রকাশিত চূড়ান্ত ভোটার তালিকায় যে সকল সদস্যদের নাম অন্তর্ভূক্ত থাকবে সে সকল সদস্যই কেবল পরিচালনা পর্ষদ নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করতে পারবেন বা নির্বাচনে ভোট প্রদান করতে পারবেন।

৯। **মনোনয়ন পদ্ধতি ঃ**

(ক) চূড়ান্ত ভোটার তালিকাভুক্ত কোন ভোটার নির্বাচনে প্রার্থী হতে চাইলে নির্বাচন বোর্ড কর্তৃক প্রণীত মনোনয়ন ফরমের মাধ্যমে পরিচালক পদের জন্য সাধারণ ও টাউন এসোসিয়েশন গ্রুপ টাকা ১৫,০০০/- (পনের হাজার) এবং সহযোগী গ্রুপ টাকা ১০,০০০/- (দশ হাজার) হারে মনোনয়ন ফি নির্বাচন বোর্ড কার্যালয়ে নগদ জমাদান পূর্বক রশিদ সংগ্রহ করে রশিদের মূলকপিসহ প্রার্থীতার জন্য মনোনয়ন পত্র জমা দিতে পারবেন। প্রকাশ থাকে যে, উক্ত মনোনয়ন ফি অফেরতযোগ্য।

(খ) সভাপতি পদে টাকা ৭০,০০০/- (সত্তোর হাজার), সিনিয়র সহ সভাপতি ৪০,০০০/- (চল্লিশ হাজার) ও সহ-সভাপতি পদে ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা জামানত দিতে হবে। জামানতের মূল রশিদসহ মনোনয়ন পত্র জমা দিতে হবে। সকল জামানত অফেরতযোগ্য।

(গ) যে সকল প্রার্থী তফসিলে বর্ণিত নির্ধারিত সময়ে মধ্যে মনোনয়নপত্র প্রত্যাহার করবেন তারা জামানত ফেরত পাবেন।

(ঘ) একজন ভোটার নিজ নিজ গ্রুপে পরিচালক পদে সাধারণ গ্রুপে ০৭ (সাত) জন, সহযোগী গ্রুপে ০৫ (পাঁচ) জন ও টাউন এসোসিয়েশন গ্রুপে দুই(০২) জন প্রার্থীর মনোনয়ন ফরমে প্রস্তাবক অথবা সমর্থক হিসাবে স্বাক্ষর প্রদান করতে পারবেন। ইহার অধিক স্বাক্ষরিত হইলে ঐ প্রস্তাবক বা সমর্থক কর্তৃক স্বাক্ষরিত মনোনয়নপত্রগুলো বাতিল বলিয়া গণ্য হইবে। প্রত্যেক মনোনয়ন পত্রে একজন প্রস্তাবক ও একজন সমর্থনকারীর স্বাক্ষর থাকতে হবে। কিন্তু যদি কোন গ্রুপে প্রস্তাবকারী ও সমর্থনকারীর হওয়ার মত ভোটার না থাকে তবে ঐ গ্রুপের জন্য ইহা প্রযোজ্য হবে না। এক গ্রুপের ভোটার অন্য গ্রুপের প্রার্থীর প্রস্তাবক বা সমর্থক হইতে পারিবে না। হলে উক্ত মনোনয়নপত্র বাতিল হয়ে যাবে।

বীর মুক্তিযোদ্ধা মোঃ আলাউদ্দিন
সদস্য
নির্বাচন বোর্ড-২০২৫
কিশোরগঞ্জ চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি

ইকবাল আহমেদ চৌধুরী অপু
সদস্য
নির্বাচন বোর্ড-২০২৫
কিশোরগঞ্জ চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি

মোঃ মাসুদুল হাসান
চেয়ারম্যান
নির্বাচন বোর্ড-২০২৫
কিশোরগঞ্জ চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি

(ঙ) মনোনয়ন ফরমে নির্ধারিত স্থানে প্রস্তাবক, সমর্থক ও প্রার্থীর নিজের স্বাক্ষর (নমুনা স্বাক্ষর) ভোটার নম্বর ও তারিখ উল্লেখপূর্বক প্রার্থী নিজে অথবা প্রতিনিধি মারফত মনোনয়নপত্র নির্বাচন বোর্ডের নিকট জমা দিতে পারবেন।

(চ) কোন প্রার্থীর পক্ষে একাধিক মনোনয়নপত্র জমা হলে সেগুলোর মধ্যে থেকে যে কোন ০১ (এক) টি মনোনয়নপত্র সঠিক হইলে তাহার মনোনয়ন বৈধ হবে।

(ছ) মনোনয়ন ফরমে বর্ণিত তথ্যাবলি সঠিক না হলে, লেখা অস্পষ্ট হলে বা কাটাকাটি বা ফ্লুইড ব্যবহার বা কোন ভুলপরিলক্ষিত হলে, নির্বাচন তফসিলে বর্ণিত সময়ের মধ্যে মনোনয়নপত্র জমা না দিলে ইত্যাদি কারণে মনোনয়ন বাতিল হয়ে যাবে।

(জ) কোন প্রার্থীর মানোনয়ন সংক্রান্ত কোন আপত্তি (যদি থাকে) নির্বাচন তফসিলে উল্লেখিত সময়ের মধ্যে লিখিতভাবে নির্বাচন আপীল বোর্ডের নিকট আবেদন করতে হবে। নির্ধারিত সময়ের পরে মনোনয়ন সংক্রান্ত কোন আপত্তি গ্রহণযোগ্য নয় এবং বিবেচনা করা হবে না।

(ঝ) নির্বাচন তফসিলে বর্ণিত সময়ে নির্বাচন বোর্ড মনোনয়ন পত্র বাছাই করে এবং বৈধ প্রার্থীদের তালিকা প্রকাশ করে তা নোটিশ বোর্ডে ঝুলিয়ে দিবেন।

(ঞ) আপীল বোর্ড নির্বাচন তফসিলে উল্লেখিত সময়ে মনোনয়নপত্র সংক্রান্ত আপত্তি (যদি থাকে) শুনানী গ্রহণ করবেন। শুনানীর পর আপীল বোর্ড শুনানীর উপর গৃহীত সিদ্ধান্ত নির্বাচন বোর্ডকে যথা সময় জানিয়ে দিবেন। আপীল বোর্ডের সিদ্ধান্তের ভিত্তিতে নির্বাচন বোর্ড কর্তৃক চূড়ান্ত বৈধ মনোনীত প্রার্থীদের তালিকা প্রকাশ করবেন এবং তা নির্বাচন বোর্ড কার্যালয়ের নোটিশ বোর্ডে ঝুলিয়ে দেয়া হবে।

(ট) সকল গ্রুপের ভোটারের প্রত্যক্ষ ভোটে ০১ (এক) জন সভাপতি, ০১ (এক) জন সিনিয়র সহ-সভাপতি ও ০১ (এক) জন সহ-সভাপতি নির্বাচিত হবেন। সহযোগী গ্রুপের ভোটারগণ সভাপতি, সিনিয়র সহ-সভাপতি ও সহ-সভাপতি পদে অংশগ্রহণ করতে বা প্রার্থী হতে পারবেন না।

(ঠ) নির্বাচনে সাধারণ গ্রুপ হইতে যে ০৭ (সাত) জন এবং টাউন এসোসিয়েশন/ ট্রেড গ্রুপ হইতে ০২ (দুই) জন এবং সহযোগী গ্রুপ থেকে ০৫ (পাঁচ) জন পরিচালক নির্বাচিত হবেন।

(ড) চূড়ান্ত ভোটার তালিকাভূক্ত নয় এমন কোন ব্যক্তি প্রার্থী অথবা প্রস্তাবক অথবা সমর্থক হতে পারবেন না।

(ঢ) মনোনয়ন পত্রের সাথে প্রার্থীর হালনাগাদ ট্রেড লাইসেন্স ও হালনাগাদ আয়কর প্রত্যয়ন পত্রের কপি জমা দিতে হবে।

(ণ)নির্বাচনের প্রার্থীগনের নামের তালিকা ভোটার ক্রমিক নং এর ক্রমানুসারে সাজানো হবে।

১০। **মনোনয়ন প্রত্যাহার ঃ**

নির্বাচন বোর্ড বরাবরে লিখিত আবেদনের মাধ্যমে নির্বাচন তফসিলে বর্ণিত সময়ের মধ্যে যে কোন প্রার্থী তার মনোনয়ন পত্র প্রত্যাহার করতে পারবেন।

১১। **নির্বাচন পদ্ধতি ঃ**

(ক) চূড়ান্ত ভোটার তালিকাভূক্ত ভোটারগণই নির্বাচনে ভোট প্রদান করতে পারবেন।

(খ) চূড়ান্ত প্রার্থী তালিকা প্রকাশের পর সভাপতি, সিনিয়র সহ-সভাপতি, সহ-সভাপতি ও পরিচালক পদে যে পদেই প্রার্থী সংখ্যা পদসংখ্যার সমান বা কম সংখ্যক প্রার্থী থাকলে সেক্ষেত্রে প্রার্থীগণকে বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত ঘোষণা করা হবে।

(গ) যে পদেই নির্ধারিত আসন সংখ্যার চেয়ে প্রার্থী সংখ্যা বেশী হবে, সে ক্ষেত্রে সেই পদে ভোট গ্রহণ অনুষ্ঠিত হবে।

(ঘ) নির্ধারিত আসনের কম সংখ্যক প্রার্থী থাকলে যে কয়টি আসন কম হবে ঠিক সেই সংখ্যক আসনে পরবর্তী সময়ে নির্বাচন অনুষ্ঠিত হবে।

| | | |
|---|---|---|
| বীর মুক্তিযোদ্ধা মোঃ আলাউদ্দিন<br>সদস্য<br>নির্বাচন বোর্ড-২০২৫ | ইকবাল আহমেদ চৌধুরী অপু<br>সদস্য<br>নির্বাচন বোর্ড-২০২৫ | মোঃ মাসুদুল হাসান<br>চেয়ারম্যান<br>নির্বাচন বোর্ড-২০২৫<br>কিশোরগঞ্জ চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি |

নির্বাচন বোর্ড-২০২৫ তাং............ কিশোরগঞ্জ চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি

Ref: Date:

**১২। ব্যালট পেপার ইস্যু ঃ**

(ক) নির্বাচন বোর্ড কর্তৃক প্রণীত ব্যালট পেপারের মাধ্যমে গোপনে ভোট গ্রহণ করা হবে।

(খ) নির্বাচন বোর্ড নির্বাচনের ব্যালট পেপার সরবরাহ করবেন। ব্যালট পেপারের প্রথম অংশে ব্যালট পত্র নম্বর মুদ্রিত থাকবে এবং ব্যালট পত্রে আবশ্যিকভাবে নির্বাচন বোর্ডের সীল ও নির্বাচন বোর্ডের চেয়ারম্যান/০১ (এক) জন সদস্য স্বাক্ষর থাকিতে হইবে। অন্যথায় উক্ত ব্যালটপত্র গ্রহণযোগ্য হবে না।

**১৩। ভোটদান পদ্ধতি ঃ**

(ক) ব্যালট পেপারে প্রার্থীর নামের ডান পার্শ্বে শূণ্য ঘর থাকবে। শূণ্য ঘরে নির্বাচন বোর্ড কর্তৃক সরবরাহকৃত সীল মোহরের ছাপ দিয়ে ভোটারগণ পছন্দমত প্রার্থীকে ভোট প্রদান করবেন।

(খ) একজন ভোটার পরিচালক পদে নিজ নিজ গ্রুপের সাধারণ গ্রুপে ০৭ (সাত)টি, সহযোগী গ্রুপে ০৫ (পাঁচ)টি ও টাউন এসোসিয়েশন গ্রুপে০২ (দুই)টি করে ভোট দিতে হবে। এর কম বা বেশী হলে উক্ত ভোট বাতিল হয়ে যাবে।

(গ) কোন প্রক্সি/ প্রতিনিধির ভোট গ্রহণ করা হবে না।

(ঘ) একই ভোটার একাধিক গ্রুপে ভোটার হলে শুধুমাত্র একটি গ্রুপে ভোট প্রয়োগ/নির্বাচনে অংশগ্রহণ করতে পারবেন।

**১৪। ভোট গ্রহণ ও ফল প্রকাশ ঃ**

(ক) ভোট গ্রহণ সমাপ্ত হওয়ার পর পরই নির্বাচন বোর্ড ভোট গণনা আরম্ভ করবেন। গণনা শেষে নির্বাচন বোর্ড নির্বাচনের প্রাথমিক ফলাফল ঘোষণা করবেন এবং নির্বাচনের তফসিল অনুযায়ী নির্ধারিত তারিখে নির্বাচনের চূড়ান্ত ফলাফল ঘোষণা করা হবে।

(খ) প্রাপ্ত ভোটের সর্বোচ্চ সংখ্যাধিক্যের ক্রমানুসারে পরিচালকগণের নাম সাজানো হবে।

(গ) একাধিক প্রার্থী সমসংখ্যক ভোট পেলে নির্বাচন বোর্ড লটারীর মাধ্যমে স্থান নির্ধারণ করবেন।

**১৫। নির্বাচন সংক্রান্ত অন্যান্য বিধি ঃ**

(ক) কিশোরগঞ্জ চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি-এর প্রশাসনিক কার্যালয়, ০৩, ঝরনা ধারা, আখড়াবাজার, কিশোরগঞ্জ নির্বাচন বোর্ড ও নির্বাচন আপিল বোর্ডের কার্যালয় হিসাবে ব্যবহৃত হবে। নির্বাচন সংক্রান্ত তথ্যের জন্য নির্বাচন বোর্ড কার্যালয়ে ছুটির দিন ব্যতিত সকাল ১০টা থেকে বিকাল ৪টার মধ্যে যোগাযোগ করা যেতে পারে।

(খ) ভোট গ্রহণ চলাকালীন সময়ে প্রার্থীদের সন্তুষ্টির জন্য প্রার্থীদের মনোনীত সর্বোচ্চ ০১ (এক) জন এজেন্ট ভোট গ্রহণ ও গণনা প্রত্যক্ষ করতে পারেন। এজেন্ট মনোনয়নের জন্য ভোট গ্রহণের শুরুর কমপক্ষে ০১ (এক) ঘন্টা পূর্বে লিখিতভাবে তা নির্বাচন বোর্ডকে জানাতে হবে। তবে ভোটার ব্যতীত অন্য কাহাকেও এজেন্ট মনোনয়ন দেয়া যাবে না।

(গ) ভোটারগণ নির্বাচন বোর্ড কার্যালয় থেকে নির্ধারিত টাকা ৫০০.০০ (পাচঁ শত) (অফেরত যোগ্য) মূল্যে পরিশোধ পূর্বক মনোনয়নপত্র, নির্বাচন আচরণ বিধি ও চূড়ান্ত ভোটার তালিকা ইত্যাদি সংগ্রহ করতে পারবেন।

(ঘ) নির্বাচন বিধিতে উল্লেখ নাই এমন বিষয়ে প্রশ্ন উত্থাপিত হলে সে বিষয়ে নির্বাচন বোর্ড এবং নির্বাচন আপিল বোর্ড আইন, বিধি ও প্রজ্ঞাপন অনুসারে ব্যবস্থা গ্রহণ করবেন।

(ঙ) নির্বাচন চলাকালীন সময়ে শান্তি-শৃঙ্খলা রক্ষার প্রয়োজনে নির্বাচন বোর্ড প্রয়োজন বোধে আইন-শৃঙ্খলা রক্ষাকারী কর্তৃপক্ষের সহায়তা গ্রহণ করতে পারবেন।

(চ) ভোট গ্রহণ চলাকালীন সময়ে প্রার্থী অথবা তার মনোনীত এজেন্ট এবং নির্বাচন বোর্ড কর্তৃক অনুমোদিত ব্যক্তিগণ ছাড়া অন্য কোন ব্যক্তি ভোট কক্ষে প্রবেশ করতে পারবে না। এছাড়া কেবল মাত্র ভোটারগণই ভোট প্রদানের জন্য ভোট কক্ষে একবার প্রবেশ করতে পারবেন এবং ভোট প্রদান শেষে ভোট কক্ষ ত্যাগ করবেন।

বীর মুক্তিযোদ্ধা মোঃ আলাউদ্দিন
সদস্য
নির্বাচন বোর্ড-২০২৫
কিশোরগঞ্জ চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি

ইকবাল আহমেদ চৌধুরী অপু
সদস্য
নির্বাচন বোর্ড-২০২৫
কিশোরগঞ্জ চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি

মোঃ মাসুদুল হাসান
চেয়ারম্যান
নির্বাচন বোর্ড-২০২৫
কিশোরগঞ্জ চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি

চেম্বার ভবন: করিমগঞ্জ রোড, সতাল, কিশোরগঞ্জ / প্রশাসনিক ভবন: ০৩, ঝরনা ধারা, আখড়া বাজার, কিশোরগঞ্জ

E-mail:kishoregonjchamber@gmail.com, Website: www.kishoreganjchamber.org


*Licensed by the Ministry of Commerce No. 26 of 1986 in Corporated by the registrar of Joint Stock Companies No. T.225/2 Dated-06.08.1986 and Affiliated by the FBCCI, Dhaka.*


নির্বাচন বোর্ড-২০২৫ তাং.............. কিশোরগঞ্জ চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি

Ref: Date:

(ছ) ভোট গ্রহণ প্রত্যক্ষ করার জন্য নির্বাচন বোর্ড জেলা প্রশাসনের প্রতিনিধি এবং চেম্বার এর কার্যক্রম সংশ্লিষ্ট কোন প্রতিষ্ঠানের কোন ব্যক্তি বা কর্মকর্তাকে আমন্ত্রণ জানাতে পারবেন।

(জ) নির্বাচন পর্যায়ে নির্বাচন সংক্রান্ত কোন সমস্যা বা জটিলতা সৃষ্টি হলে এবং ইহা আপিল বোর্ডের গোচরীভূত হলে তা সমাধানের জন্য আপিল বোর্ড যথাসময়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

(ঝ) নির্বাচন সংক্রান্ত যাবতীয় ব্যয় যেমন- পত্রিকায় বিজ্ঞাপন, পোষ্টেজ, কন্টিজেন্সি, ভ্রমণ ভাতা, ছাপা, সম্মানী ভাতা এবং অন্যান্য খরচ চেম্বার পরিচালনা পর্ষদ বহন করবেন।

(ঞ) নির্বাচন সংক্রান্ত সকল বিষয়ে নির্বাচন বোর্ড এবং আপীল বোর্ড কর্তৃক গৃহীত সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

<u>নির্বাচন সম্পর্কে অতিরিক্ত বিধান ঃ</u>

১। নির্বাচন বোর্ড ও নির্বাচন আপীল বোর্ড বাণিজ্য সংগঠন এর বিধান অনুযায়ী নির্বাচনের সকল কার্যক্রম পরিচালনা করবে। পরিচালনা পর্ষদ নির্বাচন সংক্রান্ত কোন বিষয়ে হস্তক্ষেপ করতে পারবে না।

২। নির্বাচনের কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের উদ্দেশ্যে নির্বাচন বোর্ড প্রয়োজনীয় সংখ্যক নির্বাচনী কর্মকর্তা নিয়োগ দিতে পারবেন। তবে কোন ভোটার, প্রার্থী কিংবা মনোনয়নপত্রে প্রার্থীর প্রস্তাবক ও সমর্থক কাহাকেও নির্বাচন কর্মকর্তা নিযুক্ত করা যাবে না।

৩। নির্বাচন তফসিল জারী করার পর হতে নির্বাচন সম্পন্ন হওয়া পর্যন্ত নিম্নলিখিত আচরণ বিধি প্রযোজ্য হবে যাহা লজ্ঘিত হইলে সংশ্লিষ্ট প্রার্থীকে আত্মপক্ষ সমর্থনের সুযোগ দিয়ে তাঁর প্রার্থীপদ বাতিল করাসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা যাবে।

<u>যথাঃ -</u>

(ক) নির্বাচন উপলক্ষ্যে বিজ্ঞাপন প্রদান, কোন প্রকার পোষ্টার, চিকা অথবা ব্যানার ব্যবহার করা যাবে না।

(খ) মিছিল করা অথবা শ্লোগান দেওয়া যাবে না।

(গ) ভোটারদের নিকট কেবল মাত্র A4 Size এর প্রচার পত্র প্রেরণ কর যাইবে, তবে কোন রকম উপঢৌকন প্রেরণ করা যাইবে না।

(ঘ) কোন প্রার্থী একক অথবা দলবদ্ধভাবে কোন হোটেল, রেস্তোরা বা কমিউনিটি সেন্টারে বা পরোক্ষভাবে নির্বাচনী ও পরিচিতি সভা অনুষ্ঠান,ভোটারদের আপ্যায়নের আয়োজন এবং উহাতে অংশগ্রহণ করিতে পারিবেন না।

(ঙ) নির্বাচন বোর্ডের তত্ত্বাবধানে গ্রুপ ভিত্তিক সকল প্রার্থীর পরিচিতি সভার আয়োজন করা যাইবে। প্রার্থীগণ সুনির্দৃষ্ট সময়ের জন্য ভোটারদের উদ্দেশ্যে বক্তব্য পেশ করিতে পারিবেন। ব্যক্তিগত কুৎসা,অশালীন অথবা রাজনৈতিক বক্তব্য প্রদান করা যাইবে না। প্রার্থী পরিচিতি সভার ব্যয় নির্বাহের জন্য নির্বাচন বোর্ড প্রার্থীর উপর সমান হারে ফি ধার্য করিতে পারিবেন।

(চ) নির্বাচন অনুষ্টানের ৪৮ ঘন্টা পূর্ব হইতে সকল প্রকার নির্বাচনী প্রচারণা সম্পূর্ণরূপে নিষিদ্ধ থাকিবে।

(ছ) নির্বাচন অনুষ্ঠানের দিন নির্বাচন বোর্ড কর্তৃক ঘোষিত ভোট কেন্দ্রের ১০০ গজের মধ্যে প্রার্থী অথবা তাহার সমর্থকদের সমাবেশ, জটলা, ব্যাজ ও পোষ্টার বহন সম্পূর্ণরূপে নিষিদ্ধ থাকবে।

(জ)নির্বাচন বোর্ডের অনুমতি ব্যাতিত কোন প্রার্থী কিংবা ভোটার ভোট গ্রহণ এলাকায় অহেতুক প্রবেশ বা অবস্থান করতে পারবেন না।

৪। এই নির্বাচন আচরণ বিধির এক বা একাধিক বিধান লংঘিত হলে অথবা এই বিষয়ে কোন অভিযোগ উত্তাপিত হলে সংশ্লিষ্ট পক্ষকে আত্মপক্ষ সমর্থনের সুযোগ দিয়া নির্বাচন বোর্ড এই বিধি মোতাবেক সিদ্ধান্ত প্রদান করবে।

৫। নির্বাচন বোর্ড ভোট গ্রহণ কক্ষে প্রবেশাধিকার নিয়ন্ত্রণ করবেন। প্রয়োজনবোধে নির্বাচন বোর্ড, নির্বাচন কর্মকর্তা এবং ভোট প্রদানের জন্য আগত ভোটার ব্যতিত অন্য কেহ ভোট গ্রহণ কক্ষে প্রবেশ করতে পারবেন না।

৬। ভোট চিহ্ন প্রদানের জন্য নির্ধারিত গোপন কক্ষে একসঙ্গে একাধিক ভোটার প্রবেশ করতে পারবেন না। ভোট গ্রহণ কক্ষের বাহিরে ব্যালট পত্র নেওয়া যাবে না।

বীর মুক্তিযোদ্ধা মোঃ আলাউদ্দিন
সদস্য
নির্বাচন বোর্ড-২০২৫
কিশোরগঞ্জ চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি

ইকবাল আহমেদ চৌধুরী অপু
সদস্য
নির্বাচন বোর্ড-২০২৫
কিশোরগঞ্জ চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি

মোঃ মাসুদুল হাসান
চেয়ারম্যান
নির্বাচন বোর্ড-২০২৫
কিশোরগঞ্জ চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি

চলমান পাতা-০৬

# কিশোরগঞ্জ চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি

## Kishoreganj Chamber of Commerce & Industry

KCCI

চেম্বার ভবন: করিমগঞ্জ রোড, সতাল, কিশোরগঞ্জ / প্রশাসনিক ভবন: ০৩, ঝরনা ধারা, আখড়া বাজার, কিশোরগঞ্জ

E-mail:kishoregonjchamber@gmail.com, Website: www.kishoreganjchamber.org



*Licensed by the Ministry of Commerce No. 26 of 1986 in Corporated by the registrar of Joint Stock Companies No. T.225/2 Dated-06.08.1986 and Affiliated by the FBCCI, Dhaka.*


নির্বাচন বোর্ড-২০২৫ তাং.......... কিশোরগঞ্জ চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি

Ref: Date:

৭। ভোট গ্রহণ কক্ষে সকল ভোটার, নির্বাচন বোর্ড ও সংশ্লিষ্ট নির্বাচন কর্মকর্তার নিয়ন্ত্রণে বিধি মোতাবেক গোপন ব্যালটের মাধ্যমে ভোটাধিকার প্রয়োগ করবেন। এই আদেশের বিধান লংঘন অথবা অসদাচারণ, প্রচারণা ও প্ররোচনায় লিপ্ত যে কোন প্রার্থী অথবা ভোটারকে নির্বাচন বোর্ড ভোট কেন্দ্রের এলাকা হতে বহিস্কার করতে পারবেন।

৮। নির্বাচনে প্রার্থীগণ ভোট গ্রহণ এলাকা ও কক্ষে কেবলমাত্র নির্বাচন বোর্ড কর্তৃক সংরক্ষিত স্থানে/ আসনে অবস্থান করতে পারবেন এবং কেবলমাত্র নির্বাচন বোর্ডের অনুমতি গ্রহণপূর্বক একমাত্র ভোটদানের উদ্দেশ্যে ভোট প্রদান কক্ষে প্রবেশ করতে পারবেন।

৯। কোন প্রার্থী ভোট গ্রহণ কক্ষে কোন ভোটারের সঙ্গে কোন প্রকার আলাপ ও প্রচারনায় লিপ্ত হতে পারবেন না।

১০। চূড়ান্ত ভোটার তালিকায় অন্তর্ভূক্ত নহে কিংবা জাল ভোট প্রদান কিংবা ইতোমধ্যে ভোট দিয়েছেন,এমন ভোটারদের বিরুদ্ধে অথবা অন্য কোন আচরণবিধি লংঘনের বিরুদ্ধে প্রার্থীগণ নির্বাচন বোর্ড ও নির্বাচন কর্মকর্তার নিকট আপত্তি দাখিল করতে পারবেন।

১১। নির্বাচন বোর্ড এইরূপে দাখিলকৃত আপত্তি, অভিযোগের সুরাহা করতঃ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

১২ নির্বাচন বোর্ড কিংবা নির্বাচনী কর্মকর্তার নিষেধ বা সতর্কীকরণ সত্ত্বেও কোন প্রার্থী ভোট গ্রহণ কক্ষে আলাপচারিতা ও প্রচারণায় লিপ্ত হলে সংশ্লিষ্ট প্রার্থীকে আত্মপক্ষ সমর্থনের সুযোগ দিয়ে তার প্রার্থীপদ বাতিল করতে পারবেন।

১৩। ভোটার তালিকায় ভোটারের নম্বর, ভোটারের নাম, তার প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা উল্লেখ করতে হবে।

১৪। শারিরীকভাবে অসমর্থ কোন ভোটার, সাহায্যকারী ব্যতীত ভোট দানে অপারগ হইলে নির্বাচন বোর্ড কর্তৃক নির্বাচন কর্মকর্তাবৃন্দের মধ্য হইতে একজনকে ভোট প্রদান কক্ষে উক্ত ভোটারের সাহায্যকারী নিযুক্ত করা হবে।

১৫। ভোট গ্রহণ প্রারম্ভের অন্তত ১৫ মিনিট পূর্বে নির্বাচনে প্রার্থী/এজেন্টেদের (যদি উপস্থিত থাকে) সম্মুখে ব্যালট বক্স নিরীক্ষণ করে শূণ্যতার নিশ্চয়তার বিধান পূর্বক ব্যালট বাক্সটি সীল করবেন এবং নির্বাচন বোর্ড, প্রার্থীর এজেন্ট ও ভোটারদের নিকট দৃশ্যমান একটি উপযোগী স্থানে ব্যালট বক্সটি স্থাপন করা হবে।

১৬। ভোট গ্রহণের বিরতিকাল অথবা নির্বাচন বোর্ড কর্তৃক কেবলমাত্র সাময়িক প্রয়োজনে ভোট গ্রহণ স্থগিত করা হলে ব্যালট বাক্স সীল করে নির্বাচন বোর্ড কর্তৃক ভোট গ্রহণ পুনঃরায় আরম্ভ না করা পর্যন্ত সংরক্ষিত থাকবে।

১৭। নির্বাচনী তফসীলে র্নিধারিত তারিখ ও সময়ের মধ্যে ভোট কেন্দ্রে উপস্থিত সকল ভোটার ভোট প্রদান করতে পারবেন।

১৮। ভোট গ্রহণ সমাপ্ত হলে ভোট গণনা শুরু হবে এবং সমাপ্ত না হওয়া পর্যন্ত এক টানা চলতে থাকবে। গণনা শেষ হওয়ার পর পরই প্রাথমিক ফলাফল ঘোষণা করা হবে এবং নোটিশ বোর্ডে ফলাফল টানানো হবে।

| | | |
|---|---|---|
| ৩০/১১/২০২৫ | | |
| (বীর মুক্তিযোদ্ধা মোঃ আলাউদ্দিন) | (ইকবাল আহমেদ চৌধুরী অপু) | (মোঃ মাসুদুল হাসান) |
| সদস্য | সদস্য | চেয়ারম্যান |
| নির্বাচন বোর্ড-২০২৫ | নির্বাচন বোর্ড-২০২৫ | নির্বাচন বোর্ড-২০২৫ |
| কিশোরগঞ্জ চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি। | কিশোরগঞ্জ চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি। | কিশোরগঞ্জ চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি। |
| বীর মুক্তিযোদ্ধা মোঃ আলাউদ্দিন | ইকবাল আহমেদ চৌধুরী অপু | মোঃ মাসুদুল হাসান |
| সদস্য | সদস্য | চেয়ারম্যান |
| নির্বাচন বোর্ড-২০২৫ | নির্বাচন বোর্ড-২০২৫ | নির্বাচন বোর্ড-২০২৫ |
| কিশোরগঞ্জ চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি | কিশোরগঞ্জ চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি | কিশোরগঞ্জ চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি |